দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 12 JUN 1998 ...
পৃষ্ঠা ... ১৮ কলাম ... ৫ ...

# শিক্ষা খাতে সর্বোচ্চ ৪ হাজার ৫৯৬ কোটি ১৪ লাখ টাকা

জনকণ্ঠ রিপোর্ট

আসন্ন '৯৮-৯৯ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে শিক্ষা খাতে সর্বোচ্চ বরাদ্দ রাখা হয়েছে। রাজস্ব ও উন্নয়ন মিলে এ খাতে মোট বরাদ্দ রাখা হয়েছে ৪ হাজার ৫৯৬ কোটি ১৪ লাখ টাকা।

শিক্ষা খাতে বিদায়ী '৯৭-৯৮ অর্থবছরের সংশোধিত মোট বরাদ্দের পরিমাণ ৪ হাজার ১৯৯ কোটি ৯৮ লাখ টাকা। নতুন বাজেটে এর পরিমাণ ৩৯৬ কোটি ১৬ লাখ টাকা বা ৯ দশমিক ৪ শতাংশ বাড়ানো হয়েছে।

প্রস্তাবিত নতুন বাজেটে প্রতিরক্ষা খাত দ্বিতীয় সর্বোচ্চ বরাদ্দ পেয়েছে। অধীনস্থ বিভিন্ন সংস্থা ও বিভাগসহ প্রতিরক্ষা মন্ত্রণালয়ের জন্য মোট ২ হাজার ১০২ কোটি ২৭ লাখ টাকা বরাদ্দ রাখা হয়েছে। প্রতিরক্ষা খাতে নিট বরাদ্দের পরিমাণ বিদায়ী বছরের তুলনায় ১৮৫ কোটি ৬৩ লাখ টাকা বাড়ানো হয়েছে। নতুন অর্থবছরে প্রতিরক্ষা খাতে মোট জাতীয় উৎপাদের ১ দশমিক ৮ শতাংশ ব্যয় হবে।

অর্থমন্ত্রী শাহ এএমএস কিবরিয়া তাঁর বাজেট বক্তৃতায় এ প্রসঙ্গে বলেন, প্রতিরক্ষা খাতে এই ব্যয় বৃদ্ধি জাতীয় স্বার্থে অপরিহার্য। তিনি ইউএনডিপি'র মানব উন্নয়ন প্রতিবেদন '৯৭ উদ্ধৃত করে বলেন, '৯৫ সালে সকল উন্নয়নশীল দেশে মোট জাতীয় উৎপাদের ৩ দশমিক ১ শতাংশ প্রতিরক্ষা খাতে ব্যয় হয়। জাতীয় উৎপাদের অংশ হিসাবে বাংলাদেশের প্রতিরক্ষা ব্যয় ভারত (২ দশমিক ৫ শতাংশ), পাকিস্তান (৬ দশমিক ৫ শতাংশ) ও শ্রীলঙ্কার (৪ দশমিক ৯ শতাংশ) কম।

প্রস্তাবিত বাজেটে জনশৃঙ্খলা ও নিরাপত্তা খাতে ১ হাজার ৪১৮ কোটি টাকা, স্বাস্থ্য খাতে ২ হাজার ১৫৩ কোটি টাকা, জ্বালানি ও শক্তি খাতে ১ হাজার ৯৮৮ কোটি টাকা, গৃহায়ন ও সামাজিক সেবা খাতে ২ হাজার ৫৮৯ কোটি টাকা, সামাজিক নিরাপত্তা ও কল্যাণ খাতে ২ হাজার ৪৪১ কোটি টাকা, কৃষি মৎস্য ও পশু পালন খাতে ২ হাজার ২৯১ কোটি টাকা, খনি উৎপাদন ও নির্মাণ খাতে ১৩১ কোটি টাকা বরাদ্দ রাখা হয়। সাধারণ জনপ্রশাসন, বিনোদন সংস্কৃতি ও ধর্ম, পরিবহন ও যোগাযোগ এবং অন্যান্য খাতে বাজেট বরাদ্দ রাখা হয়।